# নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলসমূহের লোকাল ল 12 অ্যাক্সেসাবিলিটি প্রগ্রেস রিপোর্ট 2024-2025

## বিষয়সূচি


General .......... 2

Accessibility Plan and Progress Report .......... 2

Statement of Commitment .......... 3

Disability Service Facilitator and Other Key Accessibility Information .......... 3

Feedback Process .......... 3

Physical Access .......... 4

*Developments since April 2024* .......... 4

*Goals by May 2026* .......... 5

Digital Access .......... 5

*Developments since April 2024* .......... 5

*Goals by May 2026* .......... 6

Programmatic Access .......... 6

*Developments since April 2024* .......... 6

*Goals by May 2026* .......... 8

Effective Communications .......... 8

*Developments since April 2024* .......... 8

*Goals by May 2026* .......... 9

Workplace Inclusion .......... 9

*Developments since April 2024* ........ 9
*Goals by May 2026* ........ 10
Consultations and Feedback ........ 10
Conclusion ........ 11

# জেনারেল (সাধারণ)

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর লক্ষ্য হলো এটা নিশ্চিত করা যে, প্রতিটি শিক্ষার্থী ইতিবাচক পরিবর্তনের শক্তিতে বলীয়ান হয়ে ফলপ্রসূ পেশা এবং দীর্ঘমেয়াদী অর্থনৈতিক নিরাপত্তা আছে এমন একটি পথ-পরিক্রমায় গ্র্যাজুয়েট হবে। মোট 900,000 জন শিক্ষার্থী জনসংখ্যা নিয়ে, NYCPS হলো এ দেশের বৃহত্তম স্কুল ব্যবস্থা। শিক্ষার্থী-সাফল্য উন্নত করতে প্রয়োজন 1,800-এরও বেশি স্কুল ও প্রোগ্রামগুলোর আন্তঃ-এজেন্সি বিভাগ এবং দপ্তরগুলোর মধ্যে সহযোগিতা বৃদ্ধি করা। বিদ্যমান বৈচিত্র্যমণ্ডিত চাহিদা ও শিক্ষার্থী সংখ্যা বিবেচনায় রেখে প্রতিবন্ধিতাযুক্তদেরসহ সকল শিক্ষার্থীকে সহায়তা করার জন্য NYCPS সংগঠন ও ব্যবস্থাগুলোর একটি সমন্বিত নেটওয়ার্ক প্রতিষ্ঠা করেছে।

## অ্যাক্সেসাবিলিটি প্ল্যান ও প্রগ্রেস রিপোর্ট

2023 সালের নিউ ইয়র্ক সিটি লোকাল ল (স্থানীয় আইন) 12 অনুসারে, মেয়র্স অফিস ফর পিপল্ উইদ ডিসঅ্যাবিলিটিজ (প্রতিবন্ধিতাযুক্তদের জন্য মেয়রের অফিস, MOPD)-এর সাথে আলোচনাক্রমে 2024-2028 বছরগুলোর জন্য NYCPS একটি পাঁচ বছরের অ্যাক্সেসাবিলিটি প্ল্যান (প্রবেশযোগ্যতা পরিকল্পনা) তৈরি করেছে যা 2024 সালের মার্চে প্রকাশিত হয়েছিল। 2023 সালের নিউ ইয়র্ক সিটি লোকাল ল 12-এর সাথে সামঞ্জস্য বৃদ্ধির জন্য এই প্রতিবেদনটি হলো NYCPS-এর প্রথম বার্ষিক অগ্রগতির প্রতিবেদন। বিগত বছরগুলোতে NYCPS প্রবেশযোগ্যতা জোরদার করতে উল্লেখযোগ্য প্রচেষ্টা নিয়োগ করেছে, যার অন্তর্ভুক্ত আছে চলমান প্রকল্পসমূহের বাহ্যিক, ডিজিটাল, কর্মসূচিসংক্রান্ত, এবং প্রতিবন্ধিতাযুক্তদের জন্য কার্যকর যোগাযোগ উন্নতকরণ। আসন্ন বছরগুলোতে

প্রতিবন্ধিতাযুক্তদের প্রবেশযোগ্যতা বৃদ্ধি ও অন্তর্ভুক্তি সম্প্রসারণ করার প্রতিশ্রুতিতে NYCPS অব্যাহতভাবে অটল।

অফিস অভ অ্যাক্সেসিবিলিট প্ল্যানিং (প্রবেশ্যতা পরিকল্পনা অফিস, OAP) 2023 সালের নিউ ইয়র্ক সিটি লোকাল ল 12 অনুসারে এর অগ্রগতির প্রতিবেদন প্রস্তুত করার জন্য দায়বদ্ধ।

## প্রতিশ্রুতি সংক্রান্ত বিবৃতি

NYCPS এটি নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ যে, তার প্রোগ্রাম, সেবা, এবং কার্যক্রম শিক্ষার্থী, স্কুল কমিউনিটির সদস্য, স্টাফ, এবং পরিবারের সদস্যদের নিকট প্রবেশযোগ্য হয়। উপরন্তু, NYCPS তার স্কুল ও ভবনসমূহের প্রবেশ্যতা যাতে সকল ব্যক্তিগণ বুঝতে পারেন এবং যুক্তিসঙ্গত ব্যবস্থার অনুরোধ জানাতে পারেন, সেজন্য একটি স্বচ্ছ প্রক্রিয়া তৈরিতে সচেষ্ট থাকে।

## ডিসঅ্যাবিলিটি সার্ভিস ফ্যাসিলিটেটর এবং প্রবেশ্যতা সংক্রান্ত অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য

- ডিসঅ্যাবিলিটি সার্ভিস ফ্যাসিলিটেটর (প্রতিবন্ধিতা পরিষেবা ব্যবস্থাপক)
  টমাস টারাটকো (Thomas Taratko), চিফ এক্সিকিউটিভ
  Space Management (স্থান ব্যবস্থাপনা)
  131 Court Street, Room 209, Brooklyn, NY 11201
  Phone Number: (718) 935-2959
  Email: accessibility@schools.nyc.gov
- বিল্ডিংয়ে প্রতিবন্ধিতাযুক্তদের অভিগম্যতা সম্পর্কে তথ্যের জন্য, অনুগ্রহ করে এই ওয়েবসাইট দেখুন:
  ভবনে প্রবেশগম্যতা
- NYCPS-এর বৈষম্যবিরোধীতার নীতি এবং অভ্যন্তরীণ বৈষম্যের অভিযোগ জানাবার প্রক্রিয়া সম্পর্কে তথ্যের জন্য অনুগ্রহ করে দেখুন:
  বৈষম্য বিষয়ক অভ্যন্তরীণ অভিযোগ দায়ের সংক্রান্ত বৈষম্য-বিরোধী নীতি ও প্রক্রিয়াসমূহ

## মতামত জানাবার প্রক্রিয়া

NYCPS-এর 2024-2028 পাঁচ বছরের প্রবেশ্যতা পরিকল্পনা ও এই অগ্রগতির প্রতিবেদন সম্পর্কে মতামত স্বাগত।

সকল মতামত অনুগ্রহ করে LocalLaw12@schools.nyc.gov ইমেইল ঠিকানায় পাঠিয়ে দিন।

## সশরীরে প্রবেশ্যতা

বড় ধরনের নির্মাণ কাজ চলমান রাখা NYCPS-এর ভবনগুলিতে প্রবেশ্যতা জোরদার করার অব্যাহত প্রতিশ্রুতির অংশবিশেষ। 2025-2029 অর্থ বছর জুড়ে বড় ধরনের প্রবেশ্যতা প্রকল্পে নির্মাণ কাজের জন্য NYCPS বৃহৎ প্রবেশ্যতা বিষয়ক পরিকল্পনায় বরাদ্দ $800 মিলিয়ন। এই বিনিয়োগ শিক্ষার্থী, স্টাফ এবং দর্শনার্থীদের বৈচিত্রমণ্ডিত চাহিদা পূরণের জন্য NYCPS-এর স্কুল ভবনগুলোর প্রবেশ্যতা উন্নতি করার চলমান প্রতিশ্রুতি প্রদর্শন করে।

### *2024 সালের এপ্রিলের পর উন্নতি*

- প্রতিবন্ধিত্বের প্রতিনিধিত্বকারীদের সাথে সহযোগিতামূলকভাবে NYCPS 2025-2029 সালের জন্য নিম্নলিখিত বড় ধরনের নির্মাণ কাজের লক্ষ্য নির্ধারণ করে:
    - বড় ধরনের নির্মাণ কাজ পরিকল্পনা প্রকল্পগুলো এটা নিশ্চিত করার জন্য বাছাই করা, যাতে সম্পন্ন হওয়ার পর সকল স্কুল ডিস্ট্রিক্ট জুড়ে পূর্ণ প্রবেশ্য প্রাথমিক ভবনগুলোর শতকরা হার 33% থেকে 40% হয়।
    - বড় ধরনের নির্মাণ কাজ বাছাই এটা নিশ্চিত করার জন্য যাতে সম্পন্ন হলে ডিস্ট্রিক্ট 75 স্কুলসমূহের শতকরা 75% স্কুল ভবন হয় আংশিক বা পূর্ণ প্রবেশ্য এবং প্রতিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর শতকরা 50% হয় পূর্ণ প্রবেশ্য।
- অ্যাক্সেসিবিলিটি সাবকমিটি (প্রতিবন্ধিদের প্রবেশ্যতা উপ-কমিটি, ASC), উপরোক্ত দুই লক্ষ্যে 2025-2029 বছরসমূহের মুলধনী পরিকল্পনার সহায়তার কাজে ছয়টি অপ্রবেশ্য স্কুল প্রকল্প বেছে নিয়েছেন যাতে

অনভিগম্য স্কুলগুলোকে পূর্ণ প্রবেশ্য ভবনে এবং তিনটি আংশিক প্রবেশ্য স্কুলকে পূর্ণ প্রবেশ্য স্কুলে উন্নীত করা যায়।

- OAP ভবন জরিপ সম্পন্ন করে 200টিরও অধিক স্কুলের বিল্ডিং অ্যাক্সেসিবিলিটি প্রোফাইল (ভবন প্রবেশ্যতা পরিচিতি, BAP) তৈরি করেছে, এর অন্তর্ভুক্ত আছে প্রায় 50টি আনুসাংগিক সাইট-এর BAP (যেমন বর্ধিত ভবন বা অস্থায়ী ক্লারুম ভবন)।

### *2026 সালে মে মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা*

- ASC-এর সাথে অংশীদারিত্বে, ভবনে প্রবেশগম্যতা বৃদ্ধির জন্য NYCPS 2025-2029 সালের মুলধনী পরিকল্পনার মোট অর্থায়নের কমপক্ষে 50% বাড়তি প্রকল্প অনুমোদন করবে।
- OAP সকল স্কুল ডিস্ট্রিক্ট-এর প্রাথমিক অপ্রবেশ্য স্কুলগুলোর আনুমানিক 50%-এর BAP জরিপ সম্পন্ন করবে। এসব BAP জরিপ থেকে ভবিষ্যত সংশোধন উদ্যোগ সম্পর্কে ধারণা মিলবে।

## ডিজিটাল প্রবেশ্যতা

NYCPS এটা নিশ্চিত করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ যে, তাদের ডিজিটাল বিষয়বস্তু প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের জন্য প্রবেশ্য এবং প্রাসঙ্গিক প্রবেশ্যতার মান প্রয়োগ করে অব্যাহতভাবে সবার জন্য ব্যবহারকারী অভিজ্ঞতা সমৃদ্ধ করা হচ্ছে।

### *2024 সালের এপ্রিলের পর উন্নতি*

- NYCPS সাফল্যের সাথে নিশ্চিত করেছে যে, NYCPS-এর কেন্দ্রীয় ওয়েবসাইটের (schools.nyc.gov and infohub.nyced.org) সকল সম্পাদকগণ বিষয়বস্তু হালনাগাদের জন্য প্রবেশাধিকার পাওয়ার আগেই আবশ্যিক ডিজিটাল প্রবেশ্যতা প্রশিক্ষণ সম্পন্ন করেছেন।
- NYCPS প্রবেশ্যতার ক্ষেত্রে NYCPS-এর পরিবারমুখী বিষয়বস্তুসহ জনসাধারণ-অভিমুখী সংযোগে সামঞ্জস্যবিধানে সহায়তার জন্য একটি নতুন ডিজিটাল অ্যাক্সেসিবিলিটি স্পেশালিস্ট (প্রবেশ্যতা বিশেষজ্ঞ)-এর পদ সৃষ্টি করেছে।
- 2024 সালের জুলাইতে ডিভিশন অভ ইন্সট্রাকশন্যাল অ্যান্ড ইনফরমেশন টেকনোলোজি (DIIT) NYCPS জুড়ে প্রবেশাধিকারযুক্ত সফট্ওয়্যার

ডেভেলপারদের কোডিং-এর জন্য একটি ডিজিটাল গাইড (অ্যাক্সেসিবিলিটি ডেভেলপমেন্ট গাইড বা নির্দেশিকা) প্রকাশ করেছে।
- NYCPS-এর গুরুত্বপূর্ণ প্লাটফর্মসমূহে DIIT অ্যাক্সেসিবিলিটি ইউজার টেস্টিং প্রদানের জন্য MOPD এর সাথে সহযোগিতামূলকভাবে কাজ করেছে।

### *2026 সালে মে মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা*

- DIIT একটি ধারাবাহিক অনলাইন অ্যাক্সেসিবিলিটি প্রশিক্ষণ কোর্স তৈরি করে অগ্রগতিতে নজর রেখে এবং শিক্ষণে সহায়তা দিয়ে ডিজিটাল প্রবেশ্যতাকে জোরদার করবে।
- ডিজিটাল প্রবেশ্যতার উদ্যোগকে আরও শক্তিশালী করতে DIIT ডিজিটাল প্রবেশ্যতা সম্পর্কিত প্রত্যাশাকে স্পষ্ট করে এবং সংশ্লিষ্ট সকল ভেন্ডর ডেভেলপারদের অ্যাক্সেসিবিলিটি প্রশিক্ষণ সম্পন্ন করা বাধ্যতামূলক করে প্রস্তাবনার শর্তের অনুরোধকে পরিমার্জন করবে।

## প্রোগ্রামেটিক অ্যাক্সেস (প্রোগ্রামসমর্থিত প্রবেশ্যতা)

NYCPS বাধা হ্রাস করা ও প্রতিবন্ধিতাযুক্তসহ সকল শিক্ষার্থীকে তাদের শিক্ষাগত প্রোগ্রামে প্রবেশাধিকার পেতে আবশ্যিক বিষয়বস্তু জোগান দেওয়া, উভয় ক্ষেত্রে নিরলসভাবে কাজ করে।

### *2024 সালের এপ্রিলের পর উন্নতি*

- 2024 সালের জুন মাসে, NYCPS তৈরি করেছে ডিভিশন অভ ইনক্লুসিভ অ্যান্ড অ্যাক্সেসিবল লার্নিং (DIAL), যা নিশ্চিত করে বহুভাষী শিক্ষার্থী, প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী, এবং তাদের পরিবারের শিক্ষানির্দেশনা, এবং স্কুল কমিউনিটিতে প্রবেশাধিকার।
- প্রতিবন্ধিতাযুক্ততার পরিচিতির জন্য শিক্ষার্থীদের অভিনন্দিত করা এবং একটি সংশ্লিষ্টা ও সমাজবোধের সংস্কৃতিকে সহায়তা দিতে DIAL সিটি জুড়ে 90টি স্কুলে তৈরি করেছে ইনক্লুসিভএনওয়াইসি (InclusiveSchoolsNYC) নামের একটি উদ্যোগ যা কমিউনিটির অনুষ্ঠান, প্রোগ্রাম, তথ্য-উপকরণ ও শিক্ষার্থী-নেতৃত্বে পরিচালিত ক্লাব।
- 2025 সালের এপ্রিলে DIAL একটি বার্ষিক অনুষ্ঠান ইক্লুসিভ এডুকেশন স্টুডেন্ট সামিট চালু করেছে যা প্রতিবন্ধিতাযুক্ত ও প্রতিবন্ধিতাহীন

শিক্ষার্থীদের প্রতিবন্ধিতাযুক্তদের অধিকার সম্পর্কে নতুন দৃষ্টিভঙ্গী লাভ করা, প্রবেশ্যতা সম্পর্কে ভাবনাকে গভীর করা, এবং একটি হাতে-কলমে কাজ করে ইতিবাচক পরিবর্তন সাধন করার জন্য সম্মিলিত করে। অনুষ্ঠানের সময় NYCPS নেতৃত্ব ও উপদেষ্টা শিক্ষকমণ্ডলী প্রবেশ্য ও অন্তর্ভূক্তিমূলক স্কুল কমিউনিটি তৈরির লক্ষ্যে কর্মপরিকল্পনা তৈরির জন্য মিলিত হন।

- অফিস অভ স্টুডেন্ট প্যাথওয়েজ-এর সাথে অংশীদারত্বের মাধ্যমে DIAL ক্যারিয়ার অ্যান্ড টেকনিকেল এডুকেশন প্রোগ্রামগুলোতে অংশগ্রহণকারী প্রতিবন্ধিতাযুক্ত হাই স্কুলগুলোকে তাদের শিক্ষার্থীদের যথা-প্রয়োজনীয় সাহায্য প্রদানে সহায়তা করায় ব্যক্তিকরণকৃত ও ক্ষুদ্র দলগত প্রশিক্ষণ প্রদান করেছে।
- প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের পেশাগত সুযোগ উন্নত করতে তাদেরকে হস্তান্তরযোগ্য দক্ষতায় সক্ষম করে, NYCPS প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য যেমনটি প্রয়োজন তেমন সহায়তা এবং প্রবেশযোগ্য কর্ম পরিবেশ প্রদান করে কর্ম-ভিত্তিক শিক্ষণ এবং ইন্টার্নশিপের সুযোগ সম্প্রসারিত যাতে তাদের দুটি পেশা-সংযুক্ত শিক্ষণ প্রোগ্রামে অংশগ্রহণ বৃদ্ধি পায়। ক্যারিয়ার রেডিনেস অ্যান্ড মডার্ন ইয়ুথ অ্যাপ্রেসনটিসশিপ (একটি দুই থেকে তিন বছর মেয়াদি শিক্ষানবিশি প্রোগ্রাম যাতে আছে শিক্ষার্থীদের জন্য গভীর কর্মপ্রস্তুতির কোর্সওয়ার্ক) এবং ফিউচাররেডিএনওয়াইসি (নিউ ইয়র্ক সিটি জবস্ কাউন্সিল এবং ক্যারিয়ারওয়াইজ নিউ ইয়র্ক-এর অংশীদারত্বে তৈরি একটি বহু-বছরের উদ্যোগ, FutureReadyNYC)-এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদেরকে প্রশিক্ষণ ও কর্মঅভিজ্ঞতা প্রদান করা হয় যাতে তারা দক্ষতা বিস্তার করতে পারে ও তাদের প্রত্যাশিত বৃত্তিগুলোর সাথে পরিচিত হতে পারে।
- OAP একটি মানানসইকৃত ডিজিটাল 'রিজনেবল্ অ্যাকোমোডেশন রিকোয়েস্ট ফর্ম'-এর ব্যবস্থা NYCPS ওয়েবসাইট-এ রেখেছে যা শিক্ষার্থী, পরিবারবর্গ, এবং সকল জনসাধরণের জন্য স্কুল ভবন ও উন্মুক্ত অনুষ্ঠানসমূহে প্রবেশ্যতার জন্য অনলাইনে বিশেষ ব্যবস্থা সংক্রান্ত অনুরোধ জমাদানের সুযোগ দেয়।
- শিক্ষার্থীদের প্রবেশ্যতার চাহিদার ব্যাপারে অধিকতর সহায়তা প্রদানের জন্য অফিস অভ স্কুল হেলথ্ একটি নতুন ওয়েব-ভিত্তিক অ্যাপ্লিকেশন (স্টুডেন্ট অ্যাকোমোডেশন সিস্টেম) প্রবর্তন করেছে যা স্কুলগুলোকে সেকশন 504

প্ল্যান অনুসারে অনুরোধ জানাবার, প্রক্রিয়া ও পদ্ধতি নজরে রাখার, এবং NYCPS শিক্ষার্থীদের জন্য সেকশন 504 প্ল্যান খসড়া ও চূড়ান্ত করার সুযোগ দেয়।

- NYCPS দুইটি ওয়েব-ভিত্তিক অ্যাপ্লিকেশন (সামার অ্যাকোমোডেশন আবেদনপত্র এবং আফটার স্কুল অ্যান্ড একস্ট্রাকারিকুলার ড্যাশবোর্ড) উন্নত করেছে যাতে স্কুল-ভিত্তিক আফটার স্কুল প্রোগ্রামসমূহ ও সামার রাইজিংসহ প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের এক্সট্রাকারিকুলার কর্মকাণ্ডে অংশগ্রহণকারীদের জন্য প্যারাপ্রোফেশন্যাল এবং নার্সিং সহায়তার অনুরোধ জানাবার প্রক্রিয়া সামঞ্জস্যপূর্ণ হয়।

### *2026 সালে মে মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা*

- আগামী বছরের ইনক্লুসিভ এডুকেশন স্টুডেন্ট সামিট অনুষ্ঠানের জন্য DIAL শিক্ষার্থী রেজিস্ট্রেশনের ধারণক্ষমতা দ্বিগুণ করার লক্ষ্য নির্ধারণ করেছে।
- বাড়তি প্রোগ্রাম ও NYCPS মিডল ও হাই স্কুল শিক্ষার্থীদের ক্লাব সুযোগ প্রদানের ফলে DIAL তার ইনক্লুসিভএরওয়াইসি (InclusiveSchoolsNYC)-এর উদ্যোগ সম্প্রসারিত হবে বলে ধারণা করছে।
- NYCPS ক্যারিয়ার রেডিনেস-এ এবং মডার্ন ইয়ুথ অ্যাপ্রেনটিসশিপ ও ফিউচাররেডিএনওয়াইসি (FutureReadyNYC) প্রোগ্রামগুলোতে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের অংশগ্রহণের হার বৃদ্ধির প্রতি নজর দিচ্ছে।

## কার্যকর যোগাযোগ

NYCPS সহায়ক প্রাযুক্তিক উপকরণ ও পরিষেবা দিয়ে  শিক্ষক ও সহপাঠীদের সাথে যোগাযোগ, স্কুলের কাজ সম্পন্ন করা, এবং স্কুলের প্রোগ্রামে ও কর্মকাণ্ডে সহায়তার জন্য শ্রবণ, দৃষ্টি, কিংবা বাক প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের সাথে যোগাযোগে কার্যকর সহায়তা দেয়। তদুপরি, NYCPS নীতি, নির্দেশনা, এবং প্রশিক্ষণ প্রোগ্রাম তৈরি করে যা স্টাফদের মধ্যে প্রবেশ্যতা সচেতনতাকে সমৃদ্ধ করে এবং প্রতিবন্ধিতাযুক্তদের সাথে যোগাযোগের ক্ষেত্রে অন্তর্ভূক্তির চর্চাকে দৃঢ় করে।

## 2024 *সালের এপ্রিলের পর উন্নতি*

- প্রবেশ্য ওয়েবসাইটের সামঞ্জস্যবিধানের জন্য DIIT ডেভেলপার ও ভেন্ডরদের জন্য তিনটি বৃহদাকৃতির প্রশিক্ষণ অধিবেশনের ব্যবস্থা করেছিল।
- চলচ্চিত্রের শক্তির মাধ্যমে প্রতিবন্ধিতাযুক্তদের অন্তর্ভূক্তি ও সচেতনতা বাড়াতে NYCPS অংশীদারত্ব তৈরি করেছে রিলায়্যাবিলিটি ফিল্ম ফেস্টিভ্যাল-এর সাথে, যেটা হলো প্রতিবন্ধিতাযুক্ত মানুষদের জীবন, গল্প, এবং শৈল্পিক অভিব্যক্তির প্রসারের জন্য নিবেদিত যুক্তরাষ্ট্রের বৃহত্তম ফেস্টিভ্যাল। এই সহযোগিতা তৈরি করা হয়েছে সকল গ্রেড পর্যায়ের শিক্ষার্থীদের (কিন্ডারগার্টেন থেকে 12 পর্যন্ত) শিক্ষাগত অভিজ্ঞতার সাথে প্রতিবন্ধিতা-সংক্রান্ত বিষয়বস্তু সমন্বিত করার জন্য। এই অংশীদারত্বের মাধ্যমে NYCPS-এর সকল শিক্ষাবিদ একটি সুপরিসর চলচ্চিত্র বিন্যাসে নিয়ন্ত্রণহীন প্রবেশাধিকার পান যা প্রতিবন্ধিদের দ্বারা ও প্রতিবন্ধিদের জন্য তৈরি করা হয়েছে।
- শিক্ষার্থী প্রস্তুতি, ভাষা, যোগাযোগ, প্রাত্যহিক জীবনের কর্মকাণ্ড, এবং আচরণের ক্ষেত্রে নিবিড় সহায়তার প্রয়োজন আছে, এমন অটিস্টিক শিক্ষার্থীদের জন্য আর্লি চাইল্ডহুড স্পেশাল এডুকেশন প্রোগ্রাম AIMS-এ এনরোল করা শিক্ষার্থীদের জন্য NYCPS কমিউনিকেশন বোর্ড তৈরি করেছে। একটি পরীক্ষামূলক প্রজেক্ট-এ অক্ষর, সংখ্যা, এবং AIMS শিক্ষার্থী, তাদের সতীর্থ, এবং স্টাফদের মধ্যে যোগাযোগে গাইড হিসেবে যোগাযোগে সহায়তার জন্য সংশ্লিষ্ট স্তরসহ প্রোগ্রাম-প্রাসঙ্গিক আইকন প্রতিফলন করে ফরমায়েসি কমিউনিকেশন বোর্ড স্থাপন করা হয়েছিল সিটি জুড়ে পাঁচটি স্কুল ভবনে।
- NYCPS স্কুলগুলোকে সকল ডিজিটাল প্ল্যাটফর্ম-এ সামঞ্জস্যপূর্ণ একটি ডিজিটাল প্রবেশ্যতার টুলবার 'রিডঅ্যান্ডরাইট' (Read&Write)-এ প্রবেশ্যতার অধিকার দিয়েছে, যাতে বিভিন্ন ক্রিয়া অন্তর্ভুক্ত আছে, যেমন স্পিচ-টু-টেক্সট, টেক্সট-টু-স্পিচ, শব্দের আগাম ধারণালাভ, সচিত্র অভিধান, 90টিরও অধিক ভাষায় অনুবাদ।

## 2026 *সালে মে মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা*

- সেন্ট্রাল অ্যাসিস্টিভ টেকনোলোজি টিম সচেতনতা বৃদ্ধি এবং তথ্য অধিবেশন ও প্রশিক্ষণ মডিউল সহ বিভিন্ন চ্যানেলের মাধ্যমে রিডঅ্যান্ডরাইট প্রযুক্তির বিস্তৃত ব্যবহার  করবে।

## কাজের স্থান অন্তর্ভুক্তি

### *2024 সালের এপ্রিলের পর উন্নতি*

- 2024 সালের সামার-এ (গ্রীষ্মে), ডিভিশন অভ হিউম্যান রিসোর্স সকল কর্মচারিদের জন্য একটি মাসিক নিউজলেটার চালু করেছিল। কর্মক্ষেত্রে অভিগম্যতার জন্য অধিকতর সচেতনতা বৃদ্ধি ও সহায়তা লাভে, অফিস অভ ডিসঅ্যাবিলিটি (ODA) নিশ্চিত করেছে যেন 2024 সালে সেপ্টেম্বর সংখ্যা সকল কর্মচারিকে কীভাবে বিশেষ ব্যবস্থা প্রক্রিয়া অনুরোধ জানাতে পারেন, সেটাসহ বিশেষ ব্যবস্থার অনুরোধ প্রক্রিয়া অবহিত করে। মাসিক নিউজলেটারেও প্রতিবন্ধিতাযুক্তদের জন্য প্রেগন্যান্ট ওয়ার্কার্স ফেয়ারনেস অ্যাক্ট (PWFA) সংক্রান্ত বিশেষ ব্যবস্থার সর্বশেষ সংবাদ প্রকাশ করেছে।
- পার্টনারশিপ ফর ইনক্লুসিভ ইন্টার্নশিপ (PII) প্রোগ্রামে অংশগ্রহণের মাধ্যমে, যা অনুদান-অর্থায়িত, AHRC নিউ ইয়র্ক সিটি এবং নিউ ইয়র্ক সিটি ও স্টেট গভর্নমেন্টের মধ্যে একটি সরকারি-বেসরকারি অংশীদারত্ব যারা প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের জন্য গভর্নমেন্টে ইন্টর্নশিপের মাধ্যমে চাকরি প্রত্যাশা করে, NYCPS নয়জন PII ইন্টার্ন নিয়োগ দিয়েছে, যাদের একজন পূর্ণ-কালীন চাকুরে হিসেবে নিয়োগ পেয়েছে।

### *2026 সালে মে মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা*

- ODA প্রতিবন্ধিতাযুক্তদের দ্বিবার্ষিক-ভিত্তিতে বিশেষ ব্যবস্থা সম্পর্কে সাধারণ বিজ্ঞপ্তি, পাশাপাশি কোনো হালনাগাদ সংবাদ থাকলে প্রকাশ করবে, যা সামঞ্জস্যপূর্ণ যোগাযোগ ও চলমান প্রবেশ্যতা নিশ্চিত করে।
- প্রযোজ্য আইন ও প্রক্রিয়া বিষয়ক কয়েকটি সর্বশেষ সংবাদের প্রতিফলনের জন্য ODA, PWFA-এর সাথে প্রতিবন্ধিতাযুক্তদের বিশেষ ব্যবস্থা সম্পর্কে একটি ব্যক্তিগত স্মারকসহ হালনাগাদ সংবাদ প্রকাশের প্রত্যাশা করছে।
- NYCPS চায় বাড়তি ইন্টার্ন নিয়োগ দিয়ে তার PII প্রোগ্রামে অংশগ্রহণ বৃদ্ধি করতে।

# আলোচনা ও মতামত

2024-2028 পর্যন্ত পাঁচ বছরের প্রবেশ্যতা পরিকল্পনা প্রকাশের আগে জনসাধারণের মন্তব্যের অনুরোধ জানিয়ে একটি প্রস্তাবিত পরিকল্পনা প্রথমে NYCPS ওয়েবসাইটে প্রকাশ হয়েছিল 2023-এর ডিসেম্বরে। অধিকন্তু, MOPD

প্রস্তাবিত পরিকল্পনা ও মন্তব্য প্রদানের সুযোগ সম্পর্কে একটি বিজ্ঞপ্তি নিউ ইয়র্ক সিটি এজেন্সি অ্যাক্সেসিবিলিটি প্লানস্ ওয়েবসাইটে পোস্ট করেছিল।

NYCPS প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের সহায়তাদানের জন্য মূলধনী প্রকল্পের লক্ষ্য ও নীতি নির্ধারনের জন্য সক্রিয়ভাবে প্রতিবন্ধিতাযুক্তদের প্রতিনিধিত্বকারী সংগঠনসমূহের সাথে সহযোগিতা করে। এজেন্সিটি এসব সংগঠনের সাথে সাক্ষাৎ করা অব্যাহত রাখে, যা নিশ্চিত করে যে তাদের মূল্যবান মতামত এজেন্সির পরিকল্পনাগুলোকে শক্তিশালী করছে।

# উপসংহার

সকল প্রোগ্রাম, পরিষেবা এবং কর্মকাণ্ড স্টাফ, শিক্ষার্থী, পরিবার এবং কমিউনিটির সবার জন্য প্রবেশযোগ্য করে তোলার উদ্দেশ্যে NYCPS তার প্রতিশ্রুতিতে অবিচল। এই প্রগ্রেস রিপোর্টে দেখা যায় যে NYCPS প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের সহায়তাদানে প্রক্রিয়াসমূহের একটি বিস্তৃত সেট সক্রিয়ভাবে এগিয়ে নিয়ে যাচ্ছে যা অভিগম্যতার বাধা অপসারণ এবং একটি অন্তকর্ভুক্তিমূলক পরিবেশ লালন করছে।